



তথ্যবিবরণী

নম্বর-১৮৯

রাজশাহী বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়ের শতবর্ষ উদযাপন

রাজশাহী; ২৪ মাঘ (০৭ ফেব্রুয়ারি):

"উৎসবের আনন্দে হোক রঙিন" এই স্লোগানকে সামনে রেখে বর্ণাঢ্য আনন্দ র্যালির মধ্য দিয়ে ঐতিহ্যের রাজশাহী বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়ের শতবর্ষে পদার্পণ ও পুনর্মিলনী উদযাপিত হয়েছে।

আজ (৭ ফেব্রুয়ারি) শুক্রবার সকালে নগরীর হেতেমখাঁছ রাজশাহী বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়ে দুই দিনব্যাপী আয়োজিত এ পুনর্মিলনী অনুষ্ঠানের বেলুন ফেস্টুন উড়িয়ে উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

উদ্বোধনকালে প্রধান অতিথি বলেন, আজ আনন্দের দিন আনন্দ করুন। মনমরা হয়ে বসে থাকবেন না। এমন দিনে আনন্দের বিকল্প নেই। পরে তিনি উপস্থিত প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের সাথে গান গেয়ে আনন্দ ভাগাভাগি করে নেন।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান ও জেলা প্রশাসক আফিয়া আখতার।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মো. আখতার জামীল সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজশাহী বহুমুখী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আনিছুর রহমান।

আলোচনা পর্বে বিদ্যালয়ের বিভিন্ন দাবি-দাওয়া তুলে ধরে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক। এদিন সকালে প্রাক্তন ও বর্তমান প্রায় ১২০০ শিক্ষার্থী টি-শার্ট, টুপি, ভুভুজোলা বাঁশি নিয়ে বর্ণাঢ্য র্যালিতে অংশ নেয়। র্যালিটি বিদ্যালয় প্রাঙ্গন থেকে বের হয়ে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিদ্যালয়ে এসে শেষ হয়।

পরে স্মৃতিচারণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

.....  
তৌহিদ/আতিক/আলীম/ ২০২৫/১৪০০ ঘ.